

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১৩৮.০০০.০৮.০০১.২১. ৪৫০


তারিখ: ২৮ এপ্রিল, ২০২৩

গণবিজ্ঞপ্তি

এতেদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩০ এপ্রিল, ২০২৩ তারিখ হতে ২৩ মে, ২০২৩ তারিখ পর্যন্ত ২০২৩ সালের এস.এস.সি, দাখিল ও এস.এস.সি (ভোকেশনাল) পরীক্ষা অনুষ্ঠিত হবে। শিক্ষা মন্ত্রণালয়ের ৩০/১০/২০২২ তারিখের ৩৭.০০.০০০০.০১৭.১৮.২০৫.১৮.২৭১ নং পত্রের ২৩ নং ক্রমিকের সিদ্ধান্ত মোতাবেক উল্লিখিত পরীক্ষা স্ট্রট, নকলমুক্ত ও গুজবমুক্ত পরিবেশে সম্পন্নের লক্ষ্যে আগামী ২৬ এপ্রিল, ২০২৩ তারিখ হতে ২৩ মে, ২০২৩ তারিখ পর্যন্ত গোলাপগঞ্জ উপজেলাধীন সকল কোর্চিং সেন্টার বন্ধ রাখা এবং পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষা কেন্দ্র ও ভেন্যুর ৪০০ গজের মধ্যে সকল ফটোকপি মেশিন ও মোবাইল ফোনের দোকান বন্ধ রাখার জন্য অনুরোধ করা হলো।

অন্যথায় সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুরোধক্রমে



মোসুমী মান্নান

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট

ও

উপজেলা নির্বাহী অফিসার

গোলাপগঞ্জ, সিলেট।

ফোন: ০৮২২৭-৫৬০৩১

ই-মেইল: unogolapganjsyl@gmail.com

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১৩৮.০০০.০৮.০০১.২১. ৪৮১


তারিখ: ২৫ এপ্রিল, ২০২৩

গণবিজ্ঞপ্তি

এতেদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩০ এপ্রিল, ২০২৩ তারিখ হতে ২৩ মে, ২০২৩ তারিখ পর্যন্ত ২০২৩ সালের এস.এস.সি, দাখিল ও এস.এস.সি (ভোকেশনাল) পরীক্ষা অনুষ্ঠিত হবে। ইদানিং লক্ষ করা যায় গভীর রাত পর্যন্ত উচ্চশব্দে লাউড স্পিকার/ সাউন্ড সিস্টেম ব্যবহার করে গান বাজনা হচ্ছে, যা পরীক্ষার্থীর অধ্যয়ন এবং পরীক্ষার পূর্ব প্রস্তুতিতে বিঘ্নের সৃষ্টি হচ্ছে। এছাড়াও বয়স্ক, সন্তানসম্ভবা, উচ্চ রক্তচাপ ও হৃদরোগে আক্রান্ত ব্যক্তির জন্য উচ্চশব্দ ক্ষতিকর। এমতাবস্থায়, ২০২৩ সালের এস.এস.সি, দাখিল ও এস.এস.সি (ভোকেশনাল) পরীক্ষা চলাকালীন উচ্চশব্দে লাউড স্পিকার/ সাউন্ড সিস্টেম ব্যবহার করা থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।

অন্যথায় বাংলাদেশ পরিবেশ সংরক্ষন আইন, ১৯৯৫ এর ধারা-২০ এর ক্ষমতাবলে প্রদীপ্ত শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এবং দণ্ডবিধি, ১৮৬০ এর সংশ্লিষ্ট ধারা/ বিধি মোতাবেক সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুরোধক্রমে



মৌসুমী মান্নান

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট

ও

উপজেলা নির্বাহী অফিসার

গোলাপগঞ্জ, সিলেট।

ফোন: ০৮২২৭-৫৬০৩১

ই-মেইল: unogolapganjsyl@gmail.com